

প্রেস রিলিজ  
ঢাকা, ৫ এপ্রিল ২০২০

সমাজসেবা অধিদফতরের উদ্যোগে যশোর যৌনপল্লীর ১৪২ জন নারীকে মানবিক সহায়তা

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ক্রমান্বয়ে বৃদ্ধির প্রবণতা লক্ষ্যণীয়। দেশের দুস্থ, অসহায়, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনার প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদফতর নিজস্ব অর্থায়ন ও বিভিন্ন স্বচ্ছাসেবী সংস্থার সহযোগিতায় নানামুখী কর্মসূচি গ্রহণ করেছে।

২২ মার্চ যশোর যৌনপল্লী লকডাউন করা হয়। এতে অসহায় হয়ে পড়ে যৌনপল্লীর নারীরা। যশোরের জেলা প্রশাসক তাদের এ দুঃসময়ে জেলা সমাজসেবা কার্যালয়কে পাশে দাঁড়াতে আহ্বান জানান। এতে সাড়া দিয়ে এগিয়ে আসে জেলা সমাজসেবা কার্যালয়, যশোর। সমাজসেবা কার্যালয়ের এ উদ্যোগে সহযোগিতা হাত বাড়িয়ে দেয় করে নিবন্ধিত স্বচ্ছাসেবী সংস্থাসমূহ।

যৌনপল্লীর ১৪২ জন নারীকে প্রতি সপ্তাহে জনপ্রতি ৫ কেজি চাল, ১ কেজি মসুর ডাল, ১ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১টি সাবান, ৫০০ গ্রাম লবণ, ৫০০ গ্রাম পেয়াজ এবং নগদ ২০০ টাকা এবং ৫ বছরের কম বয়সী ১১ জন শিশুকে দুধ প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২৩ মার্চ ২০২০ থেকে খাদ্যসহায়তা প্রদান কার্যক্রম শুরু করা হয়। ইতোমধ্যে ২ সপ্তাহের খাদ্য দ্রব্য সরবরাহ করা হয়েছে। আজ ৫ এপ্রিল তৃতীয় সপ্তাহের খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়।

এ বিষয়ে জেলা সমাজসেবা কার্যালয়, যশোর এর উপপরিচালক জনাব অসিত কুমার সাহা বলেন, ‘যতোদিন করোনা দুর্যোগ থাকবে, ততোদিন যৌনপল্লীর দুস্থ নারীদের খাদ্যসহায়তা প্রদান অব্যাহত থাকবে।’

বার্তা সম্পাদক/এসাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....  
.....

মোঃ সাজ্জাদুল ইসলাম

উপপরিচালক

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ

সমাজসেবা অধিদফতর

ই-মেইল: [dd.pub@dss.gov.bd](mailto:dd.pub@dss.gov.bd)

[rangasazzad@gmail.com](mailto:rangasazzad@gmail.com)